গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৬-২৮৫ তারিখঃ ২১-০৮-২০১৭

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জুন/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৩১-০৭-২০১৭ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (জুন/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (আগস্ট,২০১৭) মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ২২-০৮-২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) পাতা।

২১/৮/১৭
(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০২। প্রকল্প পরিচালক, সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৩। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৪। উপ-প্রকল্প পরিচালক, সমাপ্ত মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
০৫। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৬। কর্মসূচী পরিচালক, ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী , ঢাকা।
০৭। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জুন/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ৯.৩০ ঘটিকা।
তারিখ : ৩১ জুলাই , ২০১৭ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।
সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২০-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
গত ২০-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত মে, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২০-০৬-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২:** ২০-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২০-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত মে/২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে চাহিত অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ সংক্রান্ত রংপুর বিভাগের দিনাজপুর জেলা হতে তথ্য পাওয়া যায়নি। এছাড়া এসেম্বল সেন্টারের জন্য ঢাকা বিভাগের নরসিংদী, রংপুর বিভাগের রংপুর ও দিনাজপুর জেলা হতে কোন তথ্য পাওয়া যায়নি। সভাপতি সংশ্লিষ্ট জেলা অফিস হতে জরুরী ভিত্তিতে তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, প্রকল্পের অধিনে নির্মিত শস্যগুদামগুলো প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত শস্যগুদামের মালামাল এর পূর্ণাঙ্গ ইনভেন্টরী প্রস্তুত পূর্বক ইতোমধ্যে আঞ্চলিক ব্যবস্থাপক, শস্যগুদাম মাগুড়া এর নিকট দেওয়া হয়েছে এবং সদর দপ্তরকে অবহিত করা হয়েছে। প্রকল্পের কোথায় কোন মালামাল আছে তার পূর্ণাঙ্গ ইনভেন্টরী প্রস্তুত পূর্বক ইতোমধ্যে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। পিসিআর প্রস্তুতের কাজ চলমান আছে।

প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্প সভাকে জানান যে, প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়ার তৈরির টেন্ডার কার্যক্রম শেষ হয়েছে এবং শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত শস্যগুদামের মালামালসহ পূর্ণাংগ ইনভেন্টরী তৈরি করে প্রকল্পের মালামালের তথ্য সদর প্রেরণ করা হয়েছে, সংস্কারকৃত শস্যগুদামগুলো ধারাবাহিকভাবে চলমান রাখার নিমিত্ত ২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত ভাড়া প্রদান করা হয়েছে, সংগৃহীত মেশিনারীগুলোর একটি ব্যবহার নির্দেশিকা তৈরি করে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে এবং পিসিআর তৈরির কাজ প্রক্রিয়াধীন।

প্রকল্প পরিচালক (অঃ দাঃ), সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) সভাকে অবহিত করেন যে, হবিগঞ্জ জেলার এসেম্বল সেন্টার নির্মাণ কাজের ছাদ ঢালাই কার্যক্রম সম্পন্ন হয়েছে ও মৌলভীবাজার জেলার এসেম্বল সেন্টার নির্মাণ কাজের ছাদ ঢালাই কার্যক্রম চলমান রয়েছে এবং সিলেট জেলার অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণের জন্য দ্রুত দরপত্র আহবানের পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূত অধিদপ্তর বরাবর গত ১৬/০৭/২০১৭ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।

এনসিডিপি বাজার বিষয়ে উপ-পরিচালক, রংপুর সভাকে জানান যে, বন্ধ হওয়া মাহিগঞ্জ হোলসেল মার্কেট এবং ট্রাক টার্মিনাল গ্রোয়ার্স মার্কেট দুটি চালু কিংবা বিকল্প ব্যবহার বিষয়ে মাননীয় মেয়র, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর মহোদয়ের সাথে বিস্তারিত আলোচনা হয়েছে। মার্কেট দুটি চালুর বিষয়ে মাননীয় মেয়র মহোদয়ের কোন আপত্তি নেই। তিনি এ বিষয়ে প্রায়োজনীয় সব ধরণের সহায়তা করবেন মর্মে আশ্বস্থ করেছেন। এয়াড়াও সংশ্লিষ্ট কাউন্সিলরসহ অন্যান্য Stakeholder গণের সাথে মার্কেট দুটি চালুর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। এ বিষয়ে পুর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত সদর দপ্তরে প্রেরণ করা হবে। রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার সকল এনসিডিপি ও পাবা মার্কেট সরেজমিন পরিদর্শন করে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য জেলা অফিসারগণকে নির্দেশনা দেওয়া হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"এর কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, পিপিএনবি অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থ বছরে ২০টি আলুর মডেল ঘর নির্মাণের পরিকল্পনা ছিল। তম্মধ্যে ১৬টি ঘরের নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৪টি ঘরের নির্মাণ কাজ জুলাই-২০১৭ মাসের মধ্যে শেষ হবে। ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে নির্মিত ৩০টি মডেল ঘরে যাতে পরবর্তী মৌসুমে আলু সংরক্ষণ করা যায়, সে ব্যাপারে সংশ্লিষ্ট বাজার কর্মকর্তা ও মডেল ঘরের সভাপতিসহ কৃষক বিপণন দলের সদস্যগণকে প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।

"ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী" এর কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৬–১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।কর্মসূচীর কার্যক্রম পরিবীক্ষণ ও সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত ইতোমধ্যে গঠিত কোর কমিটির সভা গত ১২/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কর্মসূচীর কার্যক্রম বাস্তবায়নের গাইডলাইনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা প্রকল্প/কর্মসূচি পরিচালক |

**৩। আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

**৩.১:** সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপিতে ৩টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে আরএডিপিতে মোট ৭২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। ইতোমধ্যে উক্ত বরাদ্দের বিপরীতে মোট ৭২৫.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং জুন/২০১৭ পর্যন্ত সর্বমোট ৭২২.৯৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯৯.৭২%। কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত ০২টি কর্মসূচী এর আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সংশোধিত ১১৪.০০ লক্ষ টাকা বরাদ্দ এর বিপরীতে মোট ১১৪.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে জুন/২০১৭ পর্যন্ত সর্বমোট ১১২.৪৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯৮.৬৭%।

**৩.২** অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পের প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তি সাপেক্ষে অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ বিষয়ে

সংশ্লিষ্ট জেলা বাজার কর্মকর্তাগণ বারবার তাগিদ দেয়ার পর তথ্য প্রদান না করায় তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। এবং আগামী ২২ আগস্ট/২০১৭ তারিখের মধ্যে তথ্য প্রদান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.২.১ | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে জমি প্রাপ্তির বিষয়ে যথাসময়ে তথ্য প্রদান না করার কারণে সংশ্লিষ্ট জেলা বাজার কর্মকর্তাগণের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আগামী ২২ আগস্ট/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা কর্তৃক তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক (ঢাকা ও রংপুর) |

**৩.৩: মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ১১০.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ১১০.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে যার বিপরীতে জুন/২০১৭ পর্যন্ত ১০৯.৭৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৯.৭৯%। প্রকল্পটি নির্ধারিত তারিখের মধ্যে ডিপিপি অনুযায়ী লক্ষ্য অর্জন করায় প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীদের সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া সমাপ্ত প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী সংগৃহীত মালামাল সংশ্লিষ্ট কমিটির নিকট হস্তান্তর করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৩.১ | সমাপ্ত প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী সংগৃহীত মালামাল সংশ্লিষ্ট কমিটির নিকট দ্রুত হস্তান্তর করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) ও সভাপতি মালামাল হস্তান্তর কমিটি |

**৩.৪: পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ২৮১.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ২৮১.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে। জুন/২০১৭ পর্যন্ত ২৭৯.৭১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৯.৫৪%। নির্ধারিত তারিখের মধ্যে প্রকল্পের ডিপিপি অনুযায়ী লক্ষ্য অর্জন করায় প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীদের সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া সমাপ্ত প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী সংগৃহীত মালামাল সংশ্লিষ্ট কমিটির নিকট হস্তান্তর করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৪.১ | সমাপ্ত প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী সংগৃহীত মালামাল সংশ্লিষ্ট কমিটির নিকট দ্রুত হস্তান্তর করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) ও সভাপতি মালামাল হস্তান্তর কমিটি |

**৩.৫: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৩৩৪.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৩৩৪.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে। জুন/২০১৭ পর্যন্ত ৩৩৩.৪৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৯.৮৫%। মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কার্যক্রম দ্রুত শেষ করার জন্য তাগিদ প্রদান অব্যাহত রাখতে সভাপতি পুনরায় নির্দেশ দেন। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং

প্রকল্পের কার্যক্রম জাতীয় পত্রিকায় ও ইলোকট্রনিক মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয় জোর তাগিদ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৫.১ | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য তাগিদ প্রদান অব্যাহত রাখাসহ অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| ৩.৫.২ | প্রকল্পের কার্যক্রম জাতীয় পত্রিকায় ও ইলোকট্রনিক মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |

৩.৬: **এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়ে** রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে বিভাগীয় উপ- পরিচালক, রংপুরকে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী সভার পূর্বে দাখিল করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া প্রয়োজনে কমিটি পূর্ণগঠন করে মার্কেটটি চালু করার ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি পুনরায় নির্দেশ দেন। এনসিডিপি মার্কেটসমূহ স্থানীয় এলাকার নাম অনুসারে নামকরণ করতে ও পরিচালনায় কৃষি বিপণন অধিদপ্তরের নাম উল্লেখ করে প্রতিটি মার্কেটের সম্মুখভাগে নামফলক স্থাপনের ব্যবস্থা করতে সভাপতি পুনরায় নির্দেশ দেন। সমাপ্ত এফএমজি কর্মসূচী'র বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবিতরনকৃত ভ্যান দ্রুত বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৬.১ | রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি বন্ধ মার্কেট চালুকরণ/বিকল্প ব্যবহার প্রসঙ্গে মেয়র, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর বরাবর পুনরায় পত্র প্রেরণ করতে হবে এবং প্রেরিত পত্রের প্রত্যুত্তরের পর মন্ত্রনালয়ে প্রেরণযোগ্য একটি পূর্নাংগ প্রতিবেদন প্রস্তুত করে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। প্রয়োজনে নতুন কমিটি পূর্ণগঠন করে মার্কেটটি চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক, রংপুর |
| ৩.৬.২ | এনসিডিপি মার্কেটসমূহ স্থানীয় এলাকার নাম অনুসারে নামকরণ করতে হবে এবং পরিচালনায় কৃষি বিপণন অধিদপ্তরের নাম উল্ল্যেখ করে প্রতিটি মার্কেটের সম্মুখভাগে নামফলক স্থাপনের ব্যবস্থা করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী/রংপুর। |

৩.৭: **"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"** বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে সংশোধিত মোট বরাদ্দ ৫৯.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৫৯.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে জুন/২০১৭ পর্যন্ত সর্বমোট ৫৭.৮৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯৮.০৯%। ২০১৭-১৮ অর্থ বছরের নিধারিত ১০ টি আলুর মডেল ঘর তৈরীর জায়গা নির্বাচন করে দনপত্র আহবান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া আগামী সভায় আলুর মডেল ঘরে আলু রাখার ফলে কৃষকের লাভ/ক্ষতির হিসাব পর্যালোচনা করে একটি প্রতিবেদন পেশ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৭.১ | ২০১৭-১৮ অর্থ বছরের নিধারিত ১০ টি আলুর মডেল ঘর তৈরীর জায়গা নির্বাচন করার নিমিত্ত জমির মালিকগণের সাথে দানপত্র সম্পন্ন করতে হবে। এছাড়া আগামী সভায় আলুর মডেল ঘরে আলু রাখার ফলে কৃষকের লাভ/ক্ষতির হিসাব পর্যালোচনা করে একটি প্রতিবেদন দাখিল করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

**৩.৮ : ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ** বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে মোট বরাদ্দ ৫৫.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৫৫.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে জুন/২০১৭ পর্যন্ত সর্বমোট ৫৪.৬১ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯৯.৩০%। কর্মসূচিকে গতিশীল করার লক্ষ্যে ইতোমধ্যে গঠিত কোর কমিটির সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচির আওতায় কাঁচা কাঁঠালের বাণিজ্যিক ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ও উদ্যোগ গ্রহণ করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য ঢাকার বিভিন্ন সুপার শপে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচির আওতায় সংগৃহীত কুল চেম্বার সমৃদ্ধ ভ্যান এবং অন্যান্য মালামালের ব্যবহার নীতিমালা অনুযায়ী কর্মপরিকল্পনা প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৮.১** | কর্মসূচিকে গতিশীল করার লক্ষ্যে ইতোমধ্যে গঠিত কোর কমিটির সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। | কর্মসূচী পরিচালক ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |
| **৩.৮.২** | কর্মসূচির আওতায় কাঁচা কাঁঠালের বাণিজ্যিক ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ও উদ্যোগ গ্রহণ করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য ঢাকার বিভিন্ন সপিং মলে পত্র প্রেরণ করতে হবে। | ঐ |
| **৩.৮.৩** | কর্মসূচির আওতায় সংগৃহীত কুল চেম্বার সমৃদ্ধ ভ্যান এবং অন্যান্য মালামালের ব্যবহার নীতিমালা অনুযায়ী কর্মপরিকল্পনা প্রেরণ করতে হবে। | ঐ |

**৩.৯: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। অর্থ বছরের (২০১৭-১৮) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পে দরপত্রের টেন্ডার আহবান কার্যক্রম শুরু করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৮.১** | ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| **৩.৮.২** | অর্থ বছরের (২০১৭-১৮) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পে দরপত্রের টেন্ডার আহবান কার্যক্রম শুরু করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

**৪-বিবিধঃ** প্রকল্প পরিচালকগন সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

সমাপ্ত প্রকল্প হতে প্রাপ্ত মেশিনারী গুলো কিভাবে চালু করা যায় তার একটি নীতিমালা তৈরী করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকগণকে সভাপতি নির্দেশনা প্রদান করেন এবং ভবিষ্যতে বিভিন্ন প্রকল্পের আওতায় ইতোমধ্যে নির্মিতব্য এসেম্বল সেন্টার পরিচালনা বিষয়ে প্রস্তুতকৃত খসড়া নীতিমালাটি পুনরায় পরীক্ষা-নিরীক্ষা করে আগামী সভায় আলোচনার মাধ্যমে তা চুড়ান্তকরণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। কাঁচা কাঁঠালের বাণিজ্যিক ব্যবহার ও রপ্তানী উৎসাহিত করার জন্য বেসরকারী খাতকে অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম ও উদ্যোগ গ্রহণ করতে বিভিন্ন এগ্রিকালচারাল মার্কেটিং ও ফুড প্রসেসিং এর সাথে জড়িত প্রতিষ্ঠানকে পত্র দিতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। অধিদপ্তরের বাস্তবায়িত কর্মসূচির কিস্তি ভিত্তিক মনিটরিং প্রতিবেদন ৭ (সাত) তারিখের মধ্যে প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। অধিদপ্তরের প্রকল্প/কর্মসূচির প্রচার বহুল যাবতীয় কার্যক্রম প্রকাশের জন্য কৃষি তথ্য সার্ভিস কে পত্র দিতে সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | বিভিন্ন প্রকল্পের আওতায় ইতোমধ্যে নির্মিত এবং ভবিষ্যতে নির্মিতব্য এসেম্বল সেন্টার পরিচালনা বিষয়ে প্রস্তুতকৃত খসড়া নীতিমালাটি পুনরায় পরীক্ষা-নিরীক্ষা করে আগামী সভায় আলোচনার মাধ্যমে তা চুড়ান্তকরণ করতে হবে। | আহবায়ক এসেম্বল সেন্টার পরিচালনা বিষয়ক নীতিমালা প্রস্তুত কমিটি |
| ৪.২ | বিভিন্ন আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে বিদ্যমান অতি পুরাতন মেশিনারী গুলো ব্যবহার উপযোগী না হলে সেগুলো ডিসপোজালের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) |
| ৪.৩ | কাঁচা কাঁঠালের বানিজ্যিক ব্যবহার ও রপ্তানী উৎসাহিত করার জন্য বেসরকারী খাতকে অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম ও উদ্যোগ গ্রহণ করতে-বিভিন্ন এগ্রিকালচারাল মার্কেটিং ও ফুড প্রসেসিং এর সাথে জড়িত প্রতিষ্ঠানকে পত্র দিতে হবে। | উপ- পরিচালক (পিপি) |
| ৪.৪ | অধিদপ্তরের বাস্তবায়িত কর্মসূচির মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | সকল কর্মসূচি পরিচালক |
| ৪.৫ | অধিদপ্তরের প্রকল্প/কর্মসূচির প্রচার বহুল যাবতীয় কার্যক্রম প্রকাশের জন্য কৃষি তথ্য সার্ভিস কে পত্র দিতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।